

# প্রতিবাদী ক্রস



শিল্পের গজদন্ত মিনারে বসে  
থাকতে নারাজ তিনি। তাঁর কাছে  
ছবি প্রতিবাদের হাতিয়ার। 'জানি  
ছবি এঁকে পৃথিবী পাল্টানো যায়  
না। কিন্তু জনমতে প্রভাব তো  
ফেলা যায়। এবং আমি আমার  
কাজে সেই চেষ্টাই করি। আর্ট ক্যান  
বি আ ফর্ম অফ সাইকোলজিক্যাল  
অক্সিলিয়ারি।' আর এই বিশ্বাস

থেকেই ক্রস ক্লার্ক ছুটে যান রোয়ান্ডায়। জাতিদাঙ্গায়  
নিহতদের স্মরণে সেখানকার নাগরিক সমাজকে সঙ্গে নিয়ে  
হাত লাগান 'গার্ডেন অফ মেমরি' তৈরিতে। নিজেকে শিল্পী  
এবং অ্যাস্টিভিস্ট হিসেবে পরিচয় দিতে ভালবাসেন ক্রস।  
জন্ম ও শিল্পের পাঠ লড়নে। যদিও এখন থাকেন প্যারিসে।  
আজকের শিল্পীদের আত্মকেন্দ্রিকতায় ব্যথিত ক্রস মনে  
করেন যুদ্ধ, দাঙ্গা, সাম্রাজ্যবাদী আগ্রাসনের বিরুদ্ধে  
শিল্পীদেরও সরব হওয়া দরকার। বোধি ট্রি: মন্যাস্ত্রি অফ  
আর্ট-এর বার্ষিক প্রদর্শনীতে তাঁর ছবি দেখা যাবে ৩০ এপ্রিল  
পর্যন্ত। সেই উপলক্ষ্যেই এসেছিলেন কলকাতা।